



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০১২.২২. ৫৫৬

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।  
২৭ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: নাটোর জেলার বনপাড়া পৌরসভায় কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদান বিষয়ে তথ্যাদি প্রেরণ প্রসংগে।

সূত্র: মেয়র, বনপাড়া পৌরসভার পত্র নং-১৯৮, তারিখ: ২৬/০৫/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে, নাটোর জেলার বনপাড়া পৌরসভায় জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণের জন্য মেয়র, বনপাড়া পৌরসভা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- জনবল নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট পৌর পরিষদের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী (সভায় উপস্থিত সকল সদস্যের স্বাক্ষরসহ কার্যবিবরণী);
- বনপাড়া পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদিসহ বিদ্যুৎ বিল হালনাগাদ পরিশোধিত রয়েছে কিনা সে সংক্রান্ত প্রমানক;
- বনপাড়া পৌরসভার বর্তমান অর্থ বছরে রাজস্ব/নিজস্ব আয় কত নির্ধারণ করা হয়েছে এবং পৌরসভার রাজস্ব/নিজস্ব আয় থেকে বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে রাজস্ব ঘাটতি ঘটবে কি না সে বিষয়ে প্রমানকসহ প্রত্যয়ন;
- পরিচ্ছন্ন কর্মী ব্যতিত অন্য কোন পদে অস্থায়ী/চুক্তিভিত্তিক আউটসোর্সিং/মাস্টাররোল কর্মচারী বনপাড়া পৌরসভায় কর্মরত রয়েছে কিনা সে বিষয়ে প্রত্যয়ন;
- উক্ত পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পিএফজিএফ বকেয়া রয়েছে কিনা এবং সে তথ্য প্রমিজ সফটওয়্যারে প্রদান করা হয়েছে কিনা সে সংক্রান্ত প্রমানকসহ প্রত্যয়ন;
- স্থানীয় সরকার বিভাগ হতে চাহিত কোটালীপাড়া পৌরসভার রাস্তার তথ্য প্রমিজ সফটওয়্যারে প্রেরণ করা হয়েছে কিনা এবং উক্ত পৌরসভার ত্রৈমাসিক আয়-ব্যয়ের হিসাব প্রমিজ সফটওয়্যারে নিয়মিত প্রেরণ করা হচ্ছে কিনা সে বিষয়ে প্রমানকসহ তথ্য;
- যে সকল কর্মচারী নিয়োগের প্রস্তাব করা হয়েছে সে সকল কর্মচারীদের নিয়োগ দেয়া হলে তাতে বেতন-ভাতা বাবদ মাসে মোট কত টাকা পৌরসভার রাজস্ব/নিজস্ব ব্যয় হবে;
- বর্তমানে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ মোট কত টাকা ব্যয় হয়;
- পৌরসভা কর্তৃক পরিচালিত বিভিন্ন ব্যাংক হিসাবের স্থিতির বিবরণ (ব্যাংক ওয়ারী পৃথক পৃথক ভাবে);
- উক্ত পৌরসভায় বর্তমানে কতজন কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক বাবদ মোট কত টাকা বকেয়া রয়েছে, বর্তমানে কত টাকা পরিশোধ করা হয়েছে এবং বকেয়া আনুতোষিকের প্রাপ্যতা অনুযায়ী কত শতাংশ পরিশোধ করা হয়েছে সে সংক্রান্ত তালিকা প্রেরণ; এবং
- ছাড়পত্রের জন্য প্রস্তাবিত কর্মচারীর পদওয়ারী নিম্নোক্ত 'ছক' অনুযায়ী তথ্য:

ক্রমিক	পদের নাম	সাংগঠনিক কাঠামো অনুযায়ী পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	চাহিত পদের সংখ্যা
১	২	৩	৪	৫	৬
(১)					
	মোট-				

(মো: আব্দুর রহমান)

উপ সচিব

ফোনঃ ৯৫১৪১৪২

e-mail: lgpaura1@lgd.gov.bd

মেয়র

বনপাড়া পৌরসভা

নাটোর।

অনুলিপি:

০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।